

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৯৪-১ (হে মোহাম্মদ,) আমি কি তোমার (জ্ঞান ধারণের) জন্যে তোমার বক্ষ উন্মুক্ত করে দেইনি?
- ০৯৪-২ (হাঁ, অতঃপর) আমিই তো তোমার (ও পর) থেকে তোমার বোঝা নামিয়ে দিয়েছি,
- ০৯৪-৩ (এমন এক বোঝা) যা তোমার পিঠ নুইয়ে দিচ্ছিলো,
- ০৯৪-৪ আমিই তোমার স্মরণকে সর্বোচ্চ আসনে প্রতিষ্ঠিত করেছি;
- ০৯৪-৫ অতঃপর কষ্টের সাথে অবশ্যই আরাম রয়েছে;
- ০৯৪-৬ নিশ্চয়ই কষ্টের সাথে আছে আরাম;
- ০৯৪-৭ অতঃপর যখনই তুমি অবসর পাবে তখনই তুমি (এবাদাতের) পরিশ্রমে লেগে যাও,
- ০৯৪-৮ এবং সম্পূর্ণ নিজেই মালিকের অভিমুখী হও।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London